

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

আইটি সেল

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার চিফ ইনোভেশন অফিসার, দপ্তর/সংস্থার ইনোভেশন অফিসার ও ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।

|            |   |
|------------|---|
| সভাপতি     | মোঃ ফাইজুল কবীর<br>যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ২৩/০৯/২০২০  |
| সভার সময়  | সকাল ১১:০০ ঘটিকা।                                 |
| স্থান      | ZOOM অনলাইন প্লাটফর্ম।                            |
| উপস্থিতি   | পরিশিষ্ট "ক"।                                     |

উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভাপতি ZOOM অ্যাপ্লিকেশনের মাধ্যমে অনলাইনে সভার কার্যক্রম শুরু করেন। সভায় মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যগণ অনলাইনে সরাসরি যুক্ত হন। সভার শুরুতে সভাপতি উল্লেখ করেন, বর্তমান করোনা পরিস্থিতির কারণে অনলাইনে ZOOM অ্যাপ্লিকেশন ব্যবহারের মাধ্যমে আজকের এই ইনোভেশন টিমের সভার আয়োজন করা হয়েছে। প্রথমে সভাপতি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর প্রতিটি কার্যক্রমের বিষয়ে আলোচনা করেন। সভায় সকল দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ZOOM অ্যাপ্লিকেশনে প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করা হয়। সভাপতি দপ্তরভিত্তিক সংযুক্ত প্রতিনিধিগণের কাছ থেকে কর্মপরিকল্পনার কার্যক্রমের উপর তথ্যাদি ও মতামত গ্রহণ করেন। এছাড়া তিনি দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশ প্রদান করেন।

২। মন্ত্রণালয়ের আওতাধীন যুব উন্নয়ন অধিদপ্তর, ক্রীড়া পরিদপ্তর, বিকেএসপি, জাতীয় ক্রীড়া পরিষদ ও বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন থেকে অনলাইনে যুক্ত কর্মকর্তাবৃন্দ উল্লেখ করেন যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী এর কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পূর্ণ ও ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। তিনি মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করাসহ উদ্ভাবন ও সেবা সহজিকরণ সেবাবক্তৃ হালনাগাদ রাখারও নির্দেশনা প্রদান করেন।

### ৩। বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র. নং | সিদ্ধান্ত  |
|---------|--|
| (ক)     | প্রত্যেক দপ্তর/সংস্থা নিজ দপ্তরের 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' এর অগ্রগতির প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। এছাড়া দপ্তর/সংস্থা স্ব-স্ব দপ্তরে অনুষ্ঠিত মাসিক ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীও মন্ত্রণালয়ে প্রেরণ করবে; |
| (খ)     | সকল দপ্তর/সংস্থা উদ্ভাবন ও সেবা সহজিকরণের তালিকা তৈরী ও ওয়েবসাইটে প্রকাশ করবে এবং এর বর্তমান অবস্থা/তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণ করবে;   |
| (গ)     | কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার, উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন, সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে;                                 |
| (ঘ)     | প্রত্যেক দপ্তর/সংস্থা নিজ দপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করবে।   |

৪। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

© M

মোঃ ফাহিজুল কবীর  
যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৬.৩৩.০০৩.১৭.২৪৮

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৭

০৮ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নথি):

- ১) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
- ৩) সচিব, সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ৪) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
- ৫) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ৬) যুগ্মসচিব (উপসচিব প্রশাসন এর দায়িত্বে), প্রশাসন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৭) উপসচিব (যুব), যুব অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) উপ-সচিব, ক্রীড়া অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৯) উপ-প্রধান, উন্নয়ন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১১) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১২) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

অমলেন্দু বিশাস  
প্রোগ্রামার (সংযুক্ত)